



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

সঞ্চয় ও ঋণ বিভাগ

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৮/২০২৩-২৪/ ১১৩

তারিখ: ০৪.০৬.২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক

সকল জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক

বিষয়: ‘পিএসবি মাসিক সঞ্চয় স্কীম’ নীতিমালা এর নিয়মিত বা বকেয়া কিস্তি জমা পদ্ধতির সংশোধন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।


২। দেশের প্রান্তিক জনগণের মধ্যে সঞ্চয় প্রবণতা বৃদ্ধি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে ২০১৯ সাল থেকে “পিএসবি মাসিক সঞ্চয় স্কীম” নামে একটি স্কীম চালু রয়েছে। উক্ত স্কীমে বর্ণিত শর্ত মোতাবেক হিসাবধারী কর্তৃক একাধিক্রমে তিন মাসের মাসিক কিস্তি জমাদানের অপারগতার কারণে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার বিধান রয়েছে; যা বেশিরভাগ গ্রাহককে হিসাব চলমান রাখতে নিরুৎসাহিত করেছে এবং কোন কোন গ্রাহক হিসাব বন্ধ করে চলে যাচ্ছেন, যার ফলে ব্যাংকের আমানত সংগ্রহ হ্রাস পাচ্ছে। সে প্রেক্ষিতে পরিচালনা বোর্ডের ২৩/০৫/২৪ তারিখে অনুষ্ঠিত ১১৪ তম সভার সিদ্ধান্ত মোতাবেক “পিএসবি মাসিক সঞ্চয় স্কীম” নীতিমালার অনুচ্ছেদ নং ৫: জমা পদ্ধতি ও সুদ প্রদান এবং অনুচ্ছেদ নং ৮: স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া ও পুনঃচালুকরণ এ নিম্নোক্ত সংশোধন করা হলো:

অনুচ্ছেদ নং ৫.১	সংশোধিত অনুচ্ছেদ নং ৫.১
আমানতকারী কর্তৃক প্রতি মাসের ০১ তারিখ থেকে ১০ তারিখের মধ্যে কিস্তি টাকা জমা করতে হবে: তবে শর্ত থাকে যে, কোন মাসে কিস্তি জমা প্রদানের সর্বশেষ তারিখ সরকারী/ সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কর্মদিবসে তা জমা প্রদান করা যাবে।	আমানতকারী কর্তৃক প্রতি মাসের শেষ তারিখের মধ্যে (সরকারী/ সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কর্মদিবসে) কিস্তির টাকা জমা করতে হবে।
অনুচ্ছেদ নং ৮: স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া ও পুনঃচালুকরণ	সংশোধিত অনুচ্ছেদ নং ৮: বকেয়া কিস্তি ও জরিমানা জমাদান এবং স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া
৮। স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া ও পুনঃচালুকরণঃ ৮.১) হিসাবে প্রতি মাসের এক তারিখ হতে দশ তারিখের মধ্যে গ্রাহক কর্তৃক মাসিক কিস্তির অর্থ জমাদান করা না হলে পরবর্তী মাসের নির্ধারিত তারিখের মধ্যে চলতি মাসসহ বকেয়া এক মাসের কিস্তি এবং বকেয়া কিস্তির উপর শতকরা মাসিক চার টাকা জরিমানা ফি জমাদান সাপেক্ষে হিসাবটি চালু রাখা যাবে। ৮.২) গ্রাহক কর্তৃক পর পর ২টি কিস্তি জমা করতে ব্যর্থ হলে ওয় মাসের নির্ধারিত তারিখের মধ্যে ওয় মাসের কিস্তিসহ বকেয়া ২ মাসের কিস্তি এবং বকেয়া ২ মাসের কিস্তির উপর শতকরা মাসিক চার টাকা হারে জরিমানা সুদসহ জমাদান সাপেক্ষে হিসাবটি চালু রাখা যাবে। ৮.৩) হিসাব খোলার শুরু থেকে মেয়াদপূর্তি পর্যন্ত কোন কারণে আমানতকারীর হিসাবে ভুল বণতঃ মাত্র ১টি কিস্তি জমা না হলে মেয়াদপূর্তিতে হিসাবটি নগদায়নের সময় খেলাপকৃত কিস্তির বকেয়া চক্রবৃদ্ধি জরিমানা সুদ জমা দিয়ে হিসাবের টাকা নগদায়ন করতে পারবেনঃ তবে শর্ত থাকে যে, একাধিক কিস্তি জমা না হওয়ার ক্ষেত্রে এ সুযোগ প্রযোজ্য হবে না।	৮। বকেয়া কিস্তি ও জরিমানা জমাদান এবং স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়াঃ ৮.১) হিসাবে প্রতি মাসের শেষ তারিখের মধ্যে হিসাবধারী কর্তৃক মাসিক কিস্তির অর্থ জমাদান করা সম্ভব না হলে বকেয়া কিস্তির উপর ২০(বিশ) টাকা জরিমানা ফি জমাদান সাপেক্ষে চলতি মাসসহ পূর্ববর্তী মাসের বকেয়া কিস্তি জমাদান করা যাবে। কিস্তির পরিমাণ যাই হোক না কেন এভাবে ২০(বিশ) টাকা জরিমানা ফি দিয়ে ০১(এক) থেকে ০৩(তিন) মাসের বকেয়া কিস্তির অর্থ জমা করা যাবে। বকেয়া কিস্তির অর্থ জমাদানে ব্যর্থ হলে শুধুমাত্র জরিমানা ফি বাবদ ২০(বিশ) টাকা জমা দিতে পারবেন। ৮.২) ০৪ (চার) থেকে ০৬(ছয়) মাসের বকেয়া কিস্তির ক্ষেত্রে জরিমানা ফি বাবদ ৫০(পঞ্চাশ) টাকাসহ বকেয়া কিস্তির অর্থ জমা করা যাবে। বকেয়া কিস্তির অর্থ জমাদানে ব্যর্থ হলে শুধুমাত্র জরিমানা ফি বাবদ ৫০(পঞ্চাশ) টাকা জমা দিতে পারবেন। ৮.৩) ৭ (সাত) থেকে ০৯ (নয়) মাসের বকেয়া কিস্তির ক্ষেত্রে জরিমানা ফি বাবদ ১০০(একশত) টাকাসহ বকেয়া কিস্তির অর্থ জমা করা যাবে। বকেয়া কিস্তির অর্থ জমাদানে ব্যর্থ হলে শুধুমাত্র জরিমানা ফি বাবদ ১০০(একশত) টাকা জমা দিতে পারবেন।

৮.৪) একাধিক্রমে তিন মাসের কিস্তি গ্রাহক কর্তৃক জমা প্রদান করা না হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং পরবর্তীতে চালু করার স্বপক্ষে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। ৮.৫) এরপ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়া হিসাবের ক্ষেত্রে সর্বশেষ কিস্তির অর্থ জমাদানের তারিখ পর্যন্ত ৭ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী জমাকৃত অর্থ (প্রযোজ্য ক্ষেত্রে সুদসহ) ফেরত দেয়া হবে।	৮.৪) ৮.১, ৮.২ ও ৮.৩ এ বর্ণিত প্রক্রিয়ায় হিসাবে টাকা জমাদানের পর আবার কিস্তি বকেয়া হলে পুনরায় একই নিয়মে হিসাবে অর্থ জমা করা যাবে। ৮.৫) মেয়াদপূর্তির সময় বকেয়া কিস্তির জন্য হিসাবটির নির্দিষ্ট মেয়াদের সাথে বকেয়া কিস্তির সংখ্যার সমপরিমান মাস যোগ করে সিবিএস এ পুনরায় হিসাবটির মেয়াদ নির্ধারণ করা যাবে এবং আমানতকারীগণ বর্ণিত মেয়াদে তাদের বকেয়া মাসিক কিস্তির অর্থ জমা দিতে পারবেন। ৮.৬) একাদিক্রমে ১০ (দশ) বা ততোধিক মাসের কিস্তি গ্রাহক কর্তৃক জমা প্রদান করা না হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।
---	--

৩। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর করা হবে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

 (মোঃ আলা উদ্দিন)
 মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৮/২০২৩-২৪/৯৯৬ (৫০)

তারিখ: ০৪.০৬.২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. সকল বিভাগ প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; আইসিটি সিস্টেম বিভাগের বিভাগীয় প্রধানকে উপর্যুক্ত নির্দেশনাটি সিবিএস সফটওয়্যারে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
৬. সকল নিরীক্ষা (আঞ্চলিক) আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা;
৭. অফিস নথি/মহানথি।


 (মোঃ রুহুল আমিন)
 সিনিয়র প্রিন্সিপাল অফিসার